দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 17 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# অ-ছাত্রদের ক্যাম্পাস হইতে বিতাড়নের আহ্বান

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (রবিবার) এক সভায় ক্যাম্পাসের নিরাপত্তা সুনিশ্চিত এবং অ-ছাত্র-বহিরাগতদের আবাসিক হল ও ক্যাম্পাস হইতে বিতাড়িত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাইয়াছে।

সমিতির সভাপতি প্রফেসর আই আই এম আমিনুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয় এলাকায় দুষ্কৃতকারীদের দ্বারা তরুণী লাঞ্ছনা

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## অ-ছাত্রদের

(শেষ পৃষ্ঠার পর)

যুগ্মসচিব হত্যা, ছিনতাই এবং শিক্ষকদের বাসায় ডাকাতি ও চুরির ঘটনা সংঘটিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ এবং ক্যাম্পাসে চরম নিরাপত্তাহীনতা দেখা দিয়াছে। আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী এইসব অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিহত করিতে এবং অপরাধীদের গ্রেফতার করিয়া দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার পরিচয় দিয়াছে। সভায় ক্যাম্পাসে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের অবিলম্বে গ্রেফতার এবং সন্ত্রাসীরা যাহাতে ক্যাম্পাসে প্রবেশ করিতে না পারে তাহা নিশ্চিত করার জন্য পুলিশ বাহিনীর প্রতি দাবী জানান হইয়াছে।